



ইসলামী বিশ্ববিদ্যালয়

বোর্ড বাজার, গাজীপুর

প্রথম বর্ষ ডিগ্রী অনার্স কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ১৯৮৬-৮৭

27 JAN 1987

৫/৮

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলোজী ও ইসলামিক স্টাডিজ এবং মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদের অন্তর্গত তিন বৎসর মেয়াদী অনার্স কোর্সের প্রথম বর্ষ কোর্সে নিম্নলিখিত বিষয়সমূহে নিম্নবর্ণিত শর্তে ছাত্র ভর্তি করিবার জন্য নির্ধারিত ফরমে আগামী ১৫ই ফেব্রুয়ারী, ১৯৮৭ ইং তারিখ পর্যন্ত আবেদন পত্র গ্রহণ করা হইবে।

(ক) থিওলোজী ও ইসলামিক স্টাডিজ অনুষদঃ

- ১। আলকোরান ওয়া উলুমুল কোরান বিভাগ
- ২। উলুমুল তাওহীদ ওয়া দাওয়াহ বিভাগ

(খ) মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদঃ

- ১। হিসাব বিজ্ঞান বিভাগ
- ২। ব্যবস্থাপনা বিভাগ

১। অনার্স কোর্সে ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ

যে সকল ছাত্র ১৯৮৫ বা ১৯৮৬ সালের উচ্চ মাধ্যমিক/ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক/আলিম ও উচ্চ মাধ্যমিক/ফাজিল পরীক্ষার যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে কেবল তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবে। তবে যাহারা ১৯৮৬ সালের কামিল পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহাদের ক্ষেত্রে আলিম ও ফাজিল উভয় পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগ থাকিলে থিওলোজী ও ইসলামিক স্টাডিজ অনুষদের বিভাগসমূহে ভর্তির আবেদন করার যোগ্য বলিয়া বিবেচিত হইবে। অত্র বিশ্ববিদ্যালয়ে মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদে ভর্তিকৃত সকল ছাত্রের জন্য অনার্স কোর্সে ব্যবহারিক আরবী ভাষা ও ইসলামীয়াত পড়া বাধ্যতামূলক এবং উভয় বিষয়ের জন্য প্রতি বিষয়ে ৫০ নম্বরের পরীক্ষায় পাস আবশ্যিক। অনুরূপভাবে থিওলোজী ও ইসলামিক স্টাডিজ অনুষদে ভর্তিকৃত সকল ছাত্রের জন্য অনার্স কোর্সে ১০০ নম্বরের ব্যবহারিক ইংরেজী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া প্রয়োজন।

উল্লেখ্য যে, বিভাগসমূহের প্রতিটিতে অনূর্ধ্ব ৫৫ (পঞ্চাশ) জন ছাত্র ভর্তি করা হইবে। তবে হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের প্রতিটিতে ২৫টি আসন ফাজিল পাস, ১৭টি বাণিজ্য শাখা হইতে, ৩টি ডিপ্লোমা-ইন-কমার্স গ্রুপ হইতে এবং বাকী ১০টি আসন বিজ্ঞান, মানবিক ও কৃষিবিজ্ঞান শাখা হইতে উত্তীর্ণ ছাত্রদের জন্য নির্ধারিত রাখা হইয়াছে। থিওলোজী ও ইসলামিক স্টাডিজ অনুষদের বিভাগসমূহের সকল আসন মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে উত্তীর্ণ ছাত্রদের জন্য নির্ধারিত।

২। ভর্তির জন্য নির্বাচন পদ্ধতিঃ

ভর্তিচ্ছুক ছাত্রদের বিগত পরীক্ষাসমূহের সম্মিলিত ফলাফলের ভিত্তিতে প্রাথমিক বাছাই তালিকা প্রণয়ন করা হইবে এবং প্রতিটি বিভাগের জন্য ২২০ জন করিয়া ছাত্রকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের একটি মেধাতালিকা প্রস্তুত করা হইবে এবং ইহার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য ছাত্রদের বাছাই করা হইবে। মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত ছাত্রদের বিশ্ববিদ্যালয় মেডিক্যাল অফিসার কর্তৃক ডাক্তারী পরীক্ষা সাপেক্ষে চূড়ান্তভাবে ভর্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

৩। ভর্তি পরীক্ষার আবেদন পত্র ও সময়সূচী সম্পর্কিত তথ্যাবলীঃ

(ক) ভর্তির জন্য নির্ধারিত আবেদন পত্রেই কেবল ভর্তির আবেদন গ্রহণ করা হইবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের অগ্রণী ব্যাংক বৃথ-এ মূল্য বাবদ বিশ টাকা প্রদান সাপেক্ষে রেজিস্ট্রারের দপ্তর হইতে আবেদন পত্র সংগ্রহ করা যাইবে। আবেদন পত্র সংগ্রহ করিবার সময় ভর্তির যোগ্যতার গ্রহণযোগ্য দলিল পত্র অবশ্যই প্রদর্শন করিতে হইবে।

(খ) লিখিত পরীক্ষার জন্য যে সকল ছাত্র যোগ্য বলিয়া বিবেচিত হইবে তাহাদের নামের তালিকা ও পরীক্ষার সময়সূচী আগামী ২৫শে ফেব্রুয়ারী '৮৭ বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে। উল্লেখ্য থাকে যে, আগামী ৪ঠা ও ৫ই মার্চ, ১৯৮৭ ইং তারিখে লিখিত পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অনুষদ ভবনে অনুষ্ঠিত হইবে।

আগামী ১৫ই মার্চ ১৯৮৭ইং তারিখ মৌখিক পরীক্ষার সময়সূচী বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হইবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে চিঠির মারফত কাহাকেও কোন কিছু জানানো হইবে না।

৪। ভর্তির প্রয়োজনীয় দলিল পত্রাদি প্রদান সম্পর্কিত তথ্যাবলীঃ

(ক) ভর্তি ফরমের সংগে ২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজ ফটো এবং এস, এস, সি/আলিম ও এইচ, এস, সি/ফাজিল উভয় পরীক্ষা পাসের প্রশংসা পত্রের সত্যায়িত কপি ও শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের সত্যায়িত কপিসমূহ জুড়িয়া দিতে হইবে।

(খ) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্রদিগকে তাহাদের মাধ্যমিক/আলিম ও উচ্চ মাধ্যমিক/ফাজিল বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষা পাসের মূল প্রশংসা পত্র এবং উভয় পরীক্ষায় শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বর ফর্দ তাহাদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য বিশ্ববিদ্যালয় অফিসের ভর্তির কাজে নিয়োজিত অফিস সহকারীকে অবশ্যই দেখাইতে হইবে। অন্যথায় ভর্তি ফিস জমা নেওয়া হইবে না।

৫। ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

নির্বাচিত ছাত্রদিগকে রেজিস্ট্রারের দপ্তরের নোটিশ বোর্ডে প্রদত্ত সময়সীমার মধ্যে ভর্তি ফিস জমা দিতে হইবে। অন্যথায় তাহাদের ভর্তির নির্বাচন সুরাসরি বাতিল হইয়া যাইবে এবং তদস্থলে অন্য ছাত্রকে ভর্তি করা হইবে।

৬। ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

রেজিস্ট্রার,

ইসলামী বিশ্ববিদ্যালয়
বোর্ড বাজার, গাজীপুর